

বাংলাদেশ থেকে জনশক্তি নিয়োগের লক্ষ্যে সংযুক্ত আরব আমিরাত এর সাথে

সমরোতা স্মারক স্বাক্ষর

ঢাকা-১৮ এপ্রিল

আজ সংযুক্ত আরব আমিরাতের দুবাই-এর স্থানীয় সময় দুপুর ১২.১৫ ঘটিকায় বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে বাংলাদেশ থেকে সংযুক্ত আরব আমিরাতে ১৯ টি ক্যাটাগরির কর্মী নিয়োগের বিষয়ে একটি সমরোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। বিগত কয়েক মাসের আলাপ আলোচনার চূড়ান্ত পর্যায়ে দুবাইস্থ সংযুক্ত আরব আমিরাতের মিনিস্ট্রি অব হিউম্যান রিসোর্সেস এন্ড এমিরেটাইজেশন-এর দণ্ডে উভয় দেশের মধ্যে শেষ পর্যায়ের আলাপ আলোচনার পর সমরোতা স্মারকটি চূড়ান্ত করা হয় এবং উভয় দেশের আগ্রহ ও সম্মতির ভিত্তিতে উহা স্বাক্ষরিত হয়। এ সময় সংযুক্ত আরব আমিরাতের মিনিস্ট্রি অব হিউম্যান রিসোর্সেস এন্ড এমিরেটাইজেশন-এর দায়িত্ব প্রাপ্ত মাননীয় মন্ত্রী নাসের আল হামলি, সংযুক্ত আরব আমিরাতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোহাম্মদ আজহারুল হক, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ সুজায়েত উল্ল্যা, পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক তারেক আহমেদ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও দুবাই-এ নিযুক্ত কনসাল জেনারেল এস. বদিরুজ্জামান উপস্থিত ছিলেন। বাংলাদেশের পক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব ড. নমিতা হালদার এনডিসি এবং সংযুক্ত আরব আমিরাতের মিনিস্ট্রি অব হিউম্যান রিসোর্সেস এন্ড এমিরেটাইজেশন-এর আন্তর সেক্রেটারী সাইফ আহমেদ আল সুআইদি স্ব দেশের পক্ষে সমরোতা স্মারকটি স্বাক্ষর করেন। সমরোতা স্মারকটি স্বাক্ষরের সাথে সাথেই কার্যকর হয়েছে।

সমরোতা স্মারকটিতে বাংলাদেশ থেকে ১৯টি ক্যাটাগরির কর্মী নিয়োগের বিধান, পদ্ধতি, রিক্রুটমেন্ট এজেন্সি ও উভয় দেশের সরকারের দায়িত্ব ও কর্তব্য, কর্মীদের অধিকার, সুযোগ সবিধা, এমপ্লায়ারদের দায়িত্ব ও কর্তব্য, নিয়োগ চুক্তির বিধান ও পৃথক একটি বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা ইত্যাদি উল্লেখ রয়েছে। সংযুক্ত আরব আমিরাতে এ সকল কর্মীগণের স্বার্থ রক্ষার্থে ২০১৭ সালে কার্যকর হওয়া আইনের আলোকে সমরোতা স্মারকটিতে শ্রমিক, মালিক ও উভয় দেশের সরকারের দায়িত্ব বর্ণিত হয়েছে। নিরাপদ, সুশ্রেণী ও দায়িত্বশীল শ্রম অভিবাসনের লক্ষ্য অর্জনের বিষয় সমূহ বিবেচনায় রেখে সমরোতা স্মারকটি স্বাক্ষর করা হয়।

সমরোতা স্মারকটি বাস্তবায়নের জন্য উভয় দেশের কর্মকর্তাদের সমন্বয়ে একটি জয়েন্ট কমিটি গঠনের বিধান রাখা হয়েছে। এ কমিটিকে কতিপয় সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান করা হয়েছে। এ সমরোতা স্মারকের মাধ্যমে সংযুক্ত আরব আমিরাতে বাংলাদেশী কর্মী প্রেরণ প্রক্রিয়া পুনরায় শুরু হবে।



People's Republic of Bangladesh



United Arab Emirates

مالة المساعدة

مذكرة تفاهم

Memorandum

of Understanding

in the

Field of

Technical Cooperation



MOHRE UAE | وزارة الموارد البشرية والتوطين